# চালসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর বাজার মূল স্থিতিশীল ও যৌক্তিক পর্যায়ে রাখা এবং বাজার মনিটরিং এর উদ্দেশ্যে বেলকুচি উপজেলা টাস্কফোর্স কমিটির জুলাই/২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ওলিউজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ ।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, সিরাজগঞ্জ।
তারিখ ঃ ০৯.০৭.২০১৮ খ্রি. সময় ঃ বিকাল ১২.১৫ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক'' তে দেখানো হলো ঃ

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রীর সরবরাহ স্বাভাবিকসহ কোন পণ্য সামগ্রীর মূল্য যাতে বৃদ্ধি না পায় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সকলকে অনুরোধ জানান। সভায় উপস্থিত চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, বেরকুচি, বিভিন্ন ব্যবসায়ী ও বাজার বণিক সমিতির সদস্য, গণমান্য ব্যক্তি, উপজেলা পর্যায়ের জনপ্রতিনিধি, অফিসার ইনচার্জ, ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ যৌক্তিক বিষয়ে অভিমত ব্যক্ত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | বাজার তদারকি সম্পর্কে আলোচনা | ১। কোন ব্যবসায়ী অধিক লাভের আশায় বাজারে যাতে কৃত্তিম সংকট সৃষ্টি করতে না পারে সে দিকে নজরদারী জোরদার করে মোবাইল কোর্ট পরিচালনা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সকল পাইকারী ও খুচরা ব্যবসায়ী তাদের দোকানে মূল্য তালিকা দৃশ্যমান স্থানে টাঙ্গানোসহ প্রতিদিনের মূল্য বোর্ডে লিখে হালনাগাদ করে ব্যবসা পরিচালনা করার নির্দেশ দিতে বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি/সাধারণ সম্পাদককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/সহকারী কমিশনার (ভূমি) /স্যানেটারী ইন্সপেক্টর /বণিক সমিতি/বাজার কমিটির সদস্যবৃন্দ |
| ০২ | নিত্য প্রয়োজনীয় দ্রব্য সংক্রান্ত | ১। বাজারে চালসহ নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য যাতে বৃদ্ধি না পায় সেদিকে নজরদারী জোড়দার করার জন্য বাজার ব্যবসায়ী সমিতির সকলকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। অপরিচ্ছন্ন উপায়ে ভেজালযুক্ত খাবার তৈরী/পরিবেশন না করার বিষয়ে হোটেল রেস্তোরার মালিক/শ্রমিকদের মধ্যে সচেতনতা সৃষ্টি করার জন্য বাংলাদেশ হোটেল রেস্তোরা মালিক সমিতির নেতৃবৃন্দকে অনুরোধ জানানো সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/স্যানেটারী ইসপেক্টর, বাজার মনিটরিং কমিটি/বণিক সমিতি/বাজার কমিটির সদস্যবৃন্দ/সভাপতি, ইমাম সমিতি |
| ০৩ | হোটেল রেস্তোরার পরিবেশ ও খাদ্যের মান বজায় রাখা | হোটেল রেস্তোরায়, বেকারীর নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে তৈরী খাদ্য সামগ্রী প্যাকেটজাত না করার জন্য হোটেল রেস্তোরা মালিক/শ্রমিক সমিতির সভাপতি/সাধারণ সম্পাদককে বিষয়টি অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী ম্যাজিস্ট্রেট/ অফিসার ইনচার্জ,<br>বাজার বণিক সমিতি/সভাপতি/ সাধারণ সম্পাদক ও হোটেল রেস্তোরা/ বেকারী মালিক সমিতি |
| ০৪ | মাংসের দাম নির্ধারণ ও ভেজাল রোধ | ১। নির্ধারিত মুল্যের চেয়ে অধিক মূল্যে মাংস বিক্রি করা হলে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে আইনগত ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সভায় আলোচনান্তে মাংসের দাম নির্ধারণপূর্বক দোকানে টানিয়ে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী ম্যাজিস্ট্রেট/ অফিসার ইনচার্জ,<br>সভাপতি/সাধারণ সম্পাদক বাজার বণিক সমিতি |
| ০৫ | দুধে ভেজাল রোধ প্রসঙ্গে | ভেজাল দুধ তৈরী/বিক্রয়কারীদের সনাক্তকরে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে আইনগত ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/সহকারী কমিশনার (ভূমি) /স্যানেটারী ইসপেক্টর |
| ০৬ | তেলে ভেজাল রোধ ও মূল্য স্থিতিশীল রাখা | ১। ভেজাল ও নকল তেল উৎপাদন ও বিক্রি না করার জন্য এবং ভেজাল তেল ও দীর্ঘদিনের পুরাতন তেল দ্বারা পিয়াজু/বেগুনী/সিংগারা তৈরী না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। কোন হোটেল রেস্তোরায় এরুপ কোন খাবার তৈরী করলে তার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আইনগত ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট/ অফিসার ইনচার্জ, সভাপতি/সম্পাদক বাজার বণিক সমিতি ও হোটেল মালিক সমিতি |
| ০৭ | ট্রাক ও কাভার্ড ভ্যান মালামাল লোড/ আনলোড সংক্রান্ত | ট্রাক ও কাভার্ড ভ্যান এর মালামাল একটি যানযট মুক্ত স্থানে রেখে মালামাল উঠানামা করার জন্য ব্যবসায়ী সমিতিকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ট্রাকগুলো সকাল ৮ টা হতে রাত ৮ টা পর্যন্ত লোড-আনলোড করা হতে বিরত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস/ট্রাক/ মালিক সমিতি /বাজার মালিক ও বণিক সমিতি |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | ট্রাফিক পুলিশ | রাস্তাঘাট যানযটমুক্ত রাখার জন্য বিস্তারিত আলোচনা করে শহরের গুরুত্বপূর্ণ স্থানে অতিরিক্ত পুলিশ নিয়োগের জন্য অফিসার ইনচার্জ, বেলকুচি থানাকে অনুরোধ জানানো হয়। | অফিসার ইনচার্জ, বেলকুচি থানা |
| ০৯ | বিবিধ আলোচনা | বাজারে অনেক দোকানে মূল্য তালিকা নেই। মূল্য তালিকা দোকানের দৃশ্যমান স্থানে বাধ্যতামূলকভাবে প্রদর্শন করার নিমিত্ত বাজার মনিটরিং কার্যক্রম জোরদার এবং মেয়াদ উত্তির্ণ পণ্য ধ্বংস করাসহ তাদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে আইনগত ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট/ সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২০/০৭/১৮
(মোঃ ওলিউজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা টাস্কফোর্স কমিটি
বেলকুচি, সিরাজগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।

স্মারক ন.- ০৫.৪৩.৮৮১১.০০১০৫.০০৫.১৬-৯১২(৫০)

তারিখঃ ২৬ আষাঢ়, ১৪২৫ ব.
১০ জুলাই, ২০১৮ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জনাব আলহাজ্ব মোঃ আব্দুল মজিদ মন্ডল, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৬ সিরাজগঞ্জ-৫ ।
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
৫। মেয়র, বেলকুচি পৌরসভা।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
৭। সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, বেলকুচি, সিরাজগঞ্জ।
৮। উপজেলা,.................................................................অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
৯। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, বেলকুচি উপজেলা শাখা।
১১। সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বেলকুচি উপজেলা কমান্ড, বেলকুচি, সিরাজগঞ্জ।
১২। জেলা মার্কেটিং অফিসার, সিরাজগঞ্জ।
১৩। চেয়ারম্যান/সচিব, বেলকুচি সদর/রাজাপুর/ভাঙ্গাবাড়ি/দৌলতপুর/ধুকুরিয়াবেড়া/বড়ধূল ইউ,পি, বেলকুচি, সিরাজগঞ্জ।
১৪। সভাপতি/সম্পাদক, বণিক সমিতি, বেলকুচি, সিরাজগঞ্জ।
১৫। সভাপতি/সেক্রেটারী প্রেসক্লাব, বেলকুচি, সিরাজগঞ্জ।
১৬। সভাপতি/সম্পাদক, হোটেল মালিক সমিতি, বেলকুচি, সিরাজগঞ্জ।
১৭। জনাব,................................................................।
১৮। উপজেলা টেকনিশিয়ান, বেলকুচি, সিরাজগঞ্জ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৯। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ।